নাটোর | রেজি: নং-রাজ: ১৬১ | বুধবার, ২৮ অক্টোবর ২০২৬ | ২৯ বর্ষ

The Weekly Hishab
সাপ্তাহিক হিসাব
অন্তরালের সকল হিসাব এক কাগজে

বড়াইগ্রামে জনসাধারণের সঙ্গে মতবিনিময় সভা-

জনগণের নিরাপত্তা ও অভিযোগের প্রতিকারে পাশে রয়েছে নাটোর জেলা পুলিশ: পুলিশ সুপার

জনবান্ধব পুলিশিং ও অপরাধমুক্ত সমাজ গঠনে জনগণের সহযোগিতা কামনা

নিজস্ব প্রতিবেদক বড়াইগ্রাম প্রকাশ: ২২ অক্টোবর ২০২৬ ১ মিনিট পাঠ



জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং তাঁদের সমস্যা ও অভিযোগের যথাযথ প্রতিকার করা পুলিশের অন্যতম প্রধান দায়িত্ব। এ দায়িত্ব পালনে নাটোর জেলা পুলিশ সর্বদা জনগণের পাশে রয়েছে বলে জানিয়েছেন জেলার পুলিশ সুপার মোহাম্মদ শরীফুল হক।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) বিকেল ৪টায় নাটোরের বড়াইগ্রাম উপজেলার জোনাইল ইউনিয়ন পরিষদ চত্বরে স্থানীয় জনসাধারণের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা

বলেন। পুলিশ সুপার বলেন, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে একটি নিরাপদ, শান্তিপূর্ণ ও অপরাধমুক্ত সমাজ গড়ে তোলা সম্ভব। জনগণের দোরগোড়ায় পুলিশি সেবা পৌঁছে দেওয়া, জনবান্ধব পুলিশিং নিশ্চিত করা এবং সাধারণ মানুষের সমস্যা ও অভিযোগ গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নাটোর জেলা পুলিশ বদ্ধপরিকর। সভায় এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি, অপরাধ দমন, জননিরাপত্তা নিশ্চিতকরণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। এ সময় স্থানীয় বাসিন্দারা তাঁদের নানা সমস্যা, অভিযোগ, মতামত ও পরামর্শ তুলে ধরেন। পুলিশ সুপার তাঁদের বক্তব্য মনোযোগসহকারে শোনেন এবং উত্থাপিত বিষয়গুলোর যথাযথ সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। মতবিনিময় সভায় পুলিশ ও জনগণের মধ্যে পারস্পরিক আস্থা, সহযোগিতা ও সুসম্পর্ক জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়। পাশাপাশি মাদক, সন্ত্রাস, অপরাধমূলক কর্মকাণ্ড ও জনশৃঙ্খলাবিরোধী কার্যকলাপ প্রতিরোধে পুলিশকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য স্থানীয় জনসাধারণের প্রতি আহ্বান জানানো হয়। পুলিশ সুপার আরও বলেন, সাধারণ মানুষের সমস্যা ও অভিযোগ গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জনবান্ধব পুলিশি সেবা নিশ্চিত করতে নাটোর জেলা পুলিশ কাজ করে যাচ্ছে। জনগণের সঙ্গে পুলিশের নিবিড় যোগাযোগ ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পেলে অপরাধ প্রতিরোধ এবং আইনশৃঙ্খলা রক্ষার কার্যক্রম আরও কার্যকর হবে। সভায় বড়াইগ্রাম সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার শোভন চন্দ্র হোড়, বড়াইগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিউল আজম খানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। জনগণের পাশে পুলিশ—এই প্রত্যয়কে সামনে রেখে নাটোর জেলা পুলিশ সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করা, তাঁদের অভিযোগের প্রতিকার এবং পুলিশি সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার কার্যক্রম অব্যাহত রাখার কথা জানিয়েছে। একটি নিরাপদ, শান্তিপূর্ণ ও অপরাধমুক্ত সমাজ গঠনে পুলিশ ও জনগণের সম্মিলিত উদ্যোগের ওপরও গুরুত্বারোপ করা হয়।